মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে এক শিশুর মৃত্যু

দামুড়হুদায় গোবিন্দপুর মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে রায়হান নামের একশিশু পানিতে ডুবে মর্মান্তিক মৃত্যু হয়েছে।

রবিবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলি ইউনিয়নের গোবিন্দপুর গ্রামে নানার বাড়িতে বেড়াতে এসে এই দুর্ঘটনার শিকার হয় ।

জানা গেছে দামুড়হুদার লোকনাথপুর গ্রামের পশ্চিম পাড়ার মৃত মতি মিয়ার ছেলে রায়হান (১১)। লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ ম শ্রেণির ছাত্র।

স্থানীয় লোকজন সূত্রে জানা গেছে রবিবার সকালের দিকে গোবিন্দপুরগ্রামে নানার বাড়িতে বেড়াতে আসে রায়হান। পরে সকাল ১১ টার দিকে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে রায়হান মৃত্যু বরণ করেন, এসময় স্থানীয় লোকজন দেখতে পেয়ে দর্শনা স্টেশন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তাদের খবর দিলে তক্ষণিক এসে মাথাভাঙ্গা নদী থেকে রায়হান এর মরদেহ উদ্ধার করে। এবং পরিবারের নিকট হস্তান্তর করেন বলে জানান দর্শনা স্টেশন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তাগন।

এই দিকে রায়হান এর মৃত্যুতে এলাকায় নেমে আসে শোকের ছায়া ।

ঝিনাইদহ জেলাতে আইসিইউ দাবিতে মানববন্ধন

শহরের কেন্দ্রবিন্দু পায়রা চত্ত্বরে করোনা মহামারীকালে স্বাস্থ্যসেবার উন্নয়ন এবং আইসিইউ এর দাবীতে মানব বন্ধন অনুষ্ঠিত

হয়। রোববার সেচ্ছাসেবী সংগঠন করোনা স্কোয়াড এর আয়োজনে মানববন্ধনে অংশ নেয় বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দসহ ঝিনাইদহের সচেতন জনসাধারণ।

বক্তারা তাদের বক্তব্যে ঝিনাইদহের হাসপাতাল গুলোতে দীর্ঘদিন ধরে সুষ্ঠু সাস্থ্যসেবা না পাওয়া, প্রয়োজনীয় উন্নত চিকিৎসা সরঞ্জামের অপ্রতুলতা সহ দীর্ঘ একবছরের বেশি সময় ধরে চলতে থাকা কোভিড- ১৯ এ আক্রান্তদের চিকিৎসায় আইসিইউ ব্যবস্থা ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন। করোনা স্কোয়াডের অন্যতম সদস্য তানভীর আহমেদ অভি বলেন, আমাদের ঝিনাইদহ জেলায় মোট উপজেলা ৬ টি, এখানকার জনসংখ্যা ১৭,৭১,৩০৪। অথচ এত বিশাল জনগোষ্ঠীর জন্য নেই কোনো আইসিইউ ব্যবস্থা।রোগী একটু খারাপ হলে রোগীকে ফরিদপুর অথবা ঢাকা ট্রান্সফার করার প্রবণতা। তবে আশার কথা এই যে বর্তমান ঝিনাইদহ হাসপাতালে এক ঝাঁক তরুণ এবং মেধাবী চিকিৎসক আছেন, কিন্তু নেই কোন উন্নত চিকিৎসা সরঞ্জাম যার কারণে উনাদের সীমাবদ্ধতা থেকেই যাচ্ছে।

পিকুল হোসেন বলেন এই করোনা চোখে আঙুল দিয়ে দেখিয়ে গেল একটা হাসপাতালে আইসিইউ কতটা প্রয়োজনীয়।অনতি বিলম্বে ঝিনাইদহ সহ বাংলাদেশের প্রতিটি জেলায় প্রয়োজনীয় সংখ্যক আইসিইউ স্থাপনের জোর দাবী জানাই। এছাড়া মানববন্ধনে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা নাট্য সমন্বয় পরিষদের সভাপতি রুবেল পারভেজ, সাংস্কৃতিক নেতৃত্ব ইকরামুল হক লিকু,শাহিনুর রহমান লিটন,মুহিব জোয়ারদার, নিরাপদ সড়ক বাস্তবায়ন পরিষদ।

মানবতার ফেরিওয়ালা খ্যাত তারেক মাহমুদ জয়, জাতিয় বিশ্ববিদ্যালয় ছাত্র সংঘ (নুসা)নিসাত আল মামুন তিসান,রাব্বী ইমু নাহিদ মিশন হাসিব সুমন্ত তাসলিমা প্রমুখ। উল্লেখ্য করোনা সচেতনতায় গত বছরের মার্চ মাস থেকে নানা ভাবে মানুষের পাশে থেকে সহযোগিতা করে আসছে ঝিনাইদহের সংগঠন করোনা স্কোয়াড।

কুষ্টিয়া সুগার মিলের ৫৩ টন চিনি উধাও

কুষ্টিয়া সুগার মিলের স্টোর থেকে প্রায় ৫৩ টন চিনি উধাও হয়ে গেছে। এ ঘটনায় মিলের স্টোর কিপার ফরিদুল হককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন কুষ্টিয়া সুগার মিলের ব্যবস্থাপনা পরিচালক মো. রাকিবুর রহমান খান।

কুষ্টিয়া সুগার মিল সূত্রে জানা গেছে, ২ জুন মিলের স্টেটমেন্ট দেখার জন্য তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি ৩ জুন প্রতিবেদন জমা দেয় ঊর্ধ্বতন কর্মকর্তার কাছে। স্টেটমেন্টে ১২১ টন চিনি থাকার কথা থাকলেও প্রায় ৫৩ টন ঘাটতি দেখা যায়। এতে দায়িত্বরত স্টোর কিপার ফরিদুল হককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

মিলের ব্যবস্থাপনা পরিচালক মো. রাকিবুর রহমান খান বলেন, স্টোরে চিনির হিসাব করার জন্য প্রথমে দুই সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি ৩ জুন প্রতিবেদন জমা দিলে দেখা যায়, ৫৩ টন চিনির ঘাটতি আছে। এতে স্টোর কিপার ফরিদুল হককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। প্রাথমিকভাবে তার অপরাধের প্রমাণ পাওয়া গেছে।

তিনি বলেন, এ ঘটনায় আরেকটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী ৭ দিনের মধ্যে তারা চূড়ান্ত প্রতিবেদন জমা দেবেন। আমরা বিষয়টি সদর দফতরকে জানিয়েছি। জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে ফেন্সিডিলসহ বরখাস্তকৃত পুলিশ সদস্য আটক

মেহেরপুর শহরে অভিযান চালিয়ে ৩ বোতল ফেন্সিডিলসহ পুলিশের বরখাস্তকৃত কনস্টেবল রুবেল শেখকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।

গতকাল শনিবার রাত সাড়ে ৮টার সময় এ অভিযান চালায় ডিবির এসআই হাবিবুর রহমান। এসময় এএসআই ইব্রাহিম বিশ্বাস, আহসান হাবিব ও এএসআই হেলাল উদ্দিন অভিযানে অংশ নেন।
ডিবির ওসি জানান,শহরে টহলরত অবস্থায় একটি রিক্সাকে সন্দেহ হলে রিক্সাকে থামতে বলা হয়। এসময় রুবেল শেখ ও তার স্ত্রী তানিশা ইয়াসমিন রিক্সা থেকে নেমে পালানোর চেষ্টা করে। এসময় রুবেল শেখ আটক করা গেলেও তানিশা পালিয়ে যায়্ পরে তাদের বিরুদ্ধে সদর থানা মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে প্রতিপক্ষের হামলায় চারজন জখম

মেহেরপুর সদর উপজেলার শুভরাজপুর গ্রামে রাস্তা তৈরি করাকে কেন্দ্র করে চারজনকে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা।

শনিবার দুপুরে শুভরাজপুর গ্রামের তুফানের পোল্ট্রি ফার্মে এ হামলার ঘটনা ঘটে।

আহতরা হলেন, শুভরাজপুর গ্রামের মৃত সুরমান আলীর ছেলে, শাহাদাত হোসেন (৫২), আতর আলীর ছেলে আহসান হাবিব (৪৫), ইমাজদ্দিনের ছেলে কুদ্দুস আলী (৬০), মৃত হান্নানের ছেলে জাকির হোসেন (৪৫)।

এদের মধ্যে শাহাদত হোসেনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

ঘটনার বিবরণে জানা গেছে, শুভরাজপুর গ্রামের মজনুর বাড়ির পাশ দিয়ে রাস্তা তৈরি করাকে কেন্দ্র করে জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, আশরাফুল মেম্বারের লোকজন দেশীয় ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাদের জখম করে।

হামলায় আহত আহসান হাবিব বলেন, আমাদের উপর হামলা করেছে মিরন গ্রুপের লোকজন। গ্রামে তারা রাস্তা তৈরী করছে। রাস্তা তৈরিতে মজনু নামের একজনের বাড়িতে বাধা পড়ছে। তাদের কথা বাড়ি ভেঙ্গে

রাস্তা তৈরি করা হবে। বাড়ি ভাঙ্গার ক্ষতিপূরণ বা অন্যত্র সরে যেতে সময় কোনটাই তারা দিতে নারাজ। আজকে এবিষয়ে সিদ্ধান্ত নেওয়ার কথা।একারণে আমরা তুফানের পোল্ট্রি ফার্মে বসেছিলাম হঠাৎ তারা ফার্মে এসে আমাদের উপর হামলা চালায়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিস্থিতি বর্তমানে শান্ত রয়েছে। এখনো পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১ অনুষ্ঠিত

মেহেরপুরে প্রাণিসম্পদ প্রদর্শনী- ২০২১ অনুষ্ঠিত হয়েছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সহযোগিতায় মেহেরপুর সদর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে প্রাণিসম্পদ প্রদর্শনী- ২০২১ আয়োজন করা হয়।

শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল প্রাঙ্গণে এ মেলা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভির রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ সাইদুর রহমান, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড ইয়ারুল ইসলাম। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ তৌহিদুল ইসলাম, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ বশির আহমেদ প্রমূখ।

এর আগে অতিথিবৃন্দ প্রদর্শনীতে আসা গরু, ছাগল সহ পাখির বিভিন্ন স্টল পরিদর্শন করেন। পরে সেখানে পুরস্কার বিতরণ করা হয়।

প্রদর্শনীতে মেহেরপুরের বিভিন্ন এলাকা থেকে গরু, বিভিন্ন ধরনের পাখি, ছাগল সহ বিড়াল খরগোশ, অন্যান্য পশুপাখি প্রদর্শনীতে স্থান পায়।

আমরা’ ৮৫ সংগঠনের উদ্যোগে মাস্ক বিতরণ

করোনা মহামারী প্রতিরোধে মেহেরপুরের সামাজিক সংগঠন আমরা’৮৫, মেহেরপুর এর উদ্যোগে মাস্ক বিতরণ করা হয়েছে।

সংগঠনের সভাপতি মমিনুল হক জুয়েল ও সিলড এর সহযোগিতায় শনিবার সকালে শহরের লর্ড মার্কেট এলাকায় বিভিন্ন শ্রেণিপেশার মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়। সংগঠনের সহ-সভাপতি মফিজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক সামসুল আযম লিন্টু, কোষাধ্যক্ষ মাহবুবুল হক মন্টু, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান ও নির্বাহী সদস্য শাহজাহান, মাসুদ রেজা ও তারিকুল ইসলাম খান। এছাড়া আবুল আহসান মিঠু, শামীমুল ইসলাম, ওয়াহেদ মুরাদ সেন্টু, অঞ্চল ভট্টাচার্য, তাজরুল ইসলাম, আবু সাইম তুষার, আমানুর, মফিজুর, বাদল প্রমূখ উপস্থিত ছিলেন।

সংগঠনের উদ্যোগে আজ শহরের বিভিন্ন এলাকায় পাঁচ হাজার মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়। সপ্তাহব্যাপী মাস্ক বিতরণ অব্যাহত থাকবে।

পাখির জন্য মাটির হাঁড়ি বসালো

কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপ

বিশ্ব পরিবেশ দিবসে পাখিদের জন্য নিরাপদ আশ্রয় তৈরির লক্ষ্যে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে মাটির হাঁড়ি বসালো সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ভিত্তিক কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপ।

শনিবার সকালে গ্রুপপটির পক্ষ থেকে উপজেলার বিভিন্ন গ্রামে পাখির নিরাপদ আশ্রয়, পাখি রক্ষা ও তাদের বংশবৃদ্ধির জন্য হাঁড়িগুলো বসানো হয়েছে। হাঁড়িগুলোতে নিচে ছোট ছোট ছিদ্র করা হয়েছে। যার ফলে বৃষ্টির পানি ঢুকলেও নিচের ছিদ্রগুলো দিয়ে পড়ে যাবে। এবং বাসা গুলো দীর্ঘকাল টিকে থাকবে।

পাখির বাসার জন্য মাটির হাড়ি বসানোর সময় উপস্থিত ছিলেন কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপের ক্রিয়েটর এ্যাডমিন সাংবাদিক শাহরিয়ার আলম সোহাগ, হলুদ সাগর, সাংবাদিক মিশন আলী, মডারেটর তৌহিদুল ইসলাম তৌহিদ, তানভীর স্বাধীন প্রমুখ।

কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপের এ্যাডমিন সাগর জানান, পাখির নিরাপদ আশ্রয়, পাখি রক্ষা ও তাদের ডিম পাড়ার জন্য হাঁড়িগুলো বসানো হয়েছে। এতে ঝড়, বৃষ্টি, রোদ থেকে পাখিরা বাঁচবে। হাঁড়িগুলোতে বাসা বেঁধে বংশবিস্তার করতে পারবে পাখিরা। বিলুপ্তির হাত থেকে রক্ষা পাবে পাখিরা। পর্যায়ক্রমে গ্রুপের পক্ষ থেকে উপজেলার বিভিন্ন গ্রামে মাটির হাঁড়ি বসানো হবে।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক সহ বিভিন্ন ভাবে সাধারণ মানুষ পাখি রক্ষার এই উদ্দোগ কে সাধুবাদ জানিয়েছে।

কালীগঞ্জে পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে পানিতে ডুবে হুজাইফা হোসেন নামের দুই বছরের

এক শিশু মারা গেছে। নিহত শিশু উপজেলার রায়গ্রাম ইউনিয়নের হাজীপুরমুন্দিয়া গ্রামে রনি শেখের ছেলে। রনি শেখ পেশায় একজন রাজমিস্ত্রি।

প্রতিবেশিরা জানায়, মা রেশমা বেগম শনিবার বেলা ১১টার দিকে কিস্তির টাকা দিতে প্রতিবেশির বাড়িতে যায়। এসময় শিশুটি খেলতে খেলতে সবার অগোচরে বাড়ির পাশের পুকুর পানিতে পড়ে মারা যায়।

পাশের বাড়িতে রাজমিস্ত্রির কাজ করা মেহেদী হাসান নামে একজন জানান, শিশুটির মা কিস্তির টাকা দিয়ে বাড়িতে এসে মেয়েকে না পেয়ে খোজাখুজি শুরু করে। এক পর্যায়ে বাড়ির পাশের পুকুরে তার মরদেহ দেখতে পেয়ে উদ্ধার করে হাসাতালে নিয়ে যায়।

স্থানীয় ইউপি মেম্বার জহুরুল ইসলাম জানান, পানি ডুবে মারা গেছে সংবাদ পাওয়ার পর আমি হাসপাতালে এসেছি। এরপর থানা পুলিশকে বিষয়টি জানিয়ে শিশুর মরদেহ বাড়ি নিয়ে দাফন করা হয়েছে।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক মহুয়া পারভিন জানান, পানিতে ডুবে মৃত্যুর পর শিশুর মরদেহ হাসপাতালে এনেছিল। পরে পরিবারের লোকজনের কাছে মরদেহ হস্তান্তর করা হয়।

গাংনীতে চাঁদাবাজির অভিযোগে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে সাংবাদিক পরিচয়ে একের পর এক চাঁদাবাজিতে অত্যাচারে অতিষ্ঠ হয়ে সংবাদ সম্মেলন করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামের মোটর সাইকেল মেকানিক্স জান্নাত আলী নামের এক ভুক্তভোগী। আজ শনিবার গাংনী প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। লিখিত বক্তব্য পাঠ করেন জান্নাত আলী।

প্রেসক্লাব সভাপতি রমজান আলীর সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি জানান, কিছুদিন আগে সাংবাদিক পরিচয় দিয়ে গাংনী উপজেলার বাওট গ্রামের আনু হকের ছেলে মিনারুল ইসলাম ও একই উপজেলার

চরগোয়ালগ্রামের আজাদ আলীর ছেলে রাব্বী হোসেন নামের দুজন আমার দোকানে তাদের মোটরসাইকেল মেরামত করতেন।

মোটরসাইকেল মেরামত বাবদ একহাজার ৭শ টাকা বিল হয়। বিল না দিয়ে বাকী রেখে সাংবাদিক পরিচয় দিয়ে চলে আসেন। পরে তাদের মোবাইল ফোন ও রাব্বী হোসেনের বাড়ি আমার পাশের গ্রাম হওয়ায় বিল চাওয়ায় আমার উপর ক্ষিপ্ত হন তারা দুজনই। পরে আমাকে নানা ধরনের হুমকী ধামকী দিতে শুরু করেন। আমার নামে অবৈধ পোর্টাল গাংনীর চোখ, জেটিভিতে মিথ্যা বানোয়াট ও মানহানিকর সংবাদ প্রকাশ করে তারা।

এক পর্যায় একটা মামলায় জড়িয়ে গ্রেফতার করে চালান দেয়ারও হুমকি দেয় তারা। এবং মামলা থেকে বাঁচতে হলে এসপি, ডিবি ও গাংনী থানা পুলিশকে ম্যানেজ করতে আমার কাছ থেকে এক লাখ টাকা দাবী করে রাব্বী হোসেন। সে আমাকে চরগোয়ালগ্রামের কবরস্থানের কাছে টাকা নিয়ে আসতে বলেন। আমি আমার বাবা ও দোকানের কয়েকজন কর্মচারী ৭০ হাজার টাকা নিয়ে হাজির হয়ে টাকা প্রদান করি।

ওই দিন রাতেই আমাকে গাংনী থানা পুলিশের এসআই জহির রায়হান একটি অপহরণ মামলার আসামী হিসেবে আটক করেন। যদিও মামলার এজাহারে কোন নাম ছিল না। আমি পঁচিশ দিন জেল হাজত থেকে জামিনে মুক্তি নিয়ে বাড়িতে এসে রাব্বীর কাছে প্রদানকৃত ৭০ হাজার টাকা ফেরত চাইলেও তিনি টাকা ফেরত দেন নি। বরং আমাকে আবারো পুলিশ দিয়ে হয়রানীর হুমকি ধামকি দিচ্ছেন।

বক্তব্যে জান্নাত আরো জানান, আমি খোঁজ খবর নিয়ে দেখেছি আমার কাছ থেকে টাকা আদায়ের জন্য সাংবাদিক পরিচয়দানকারী রাব্বী হোসেনকে এসপি, ডিবি বা গাংনী থানা পুলিশ কেউ ম্যাসেজ দেয়নি এবং কেউ বলেনি।

তাদের নাম ভাঙ্গিয়ে আমার কাছ থেকে চাঁদাবাজি করা হয়েছে। এ ব্যাপারে তিনি প্রতিকার চেয়েছেন সেই সাথে হস্তক্ষেপ কামনা করেছেন প্রশাসনের।

সংবাদ সম্মেলনে গাংনী প্রেসক্লাবের সকল সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।